



‘তথ্য অধিকার আইন ও কর্মপরিকল্পনা’ শীর্ষক প্রশিক্ষণ



১৫ মে ২০২৩-সোমবার তথ্য অধিকার বিষয়ক এপিএ কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ‘তথ্য অধিকার আইন ও কর্মপরিকল্পনা’ শীর্ষক ৩য় পর্যায়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং দৈনিক আজকের পত্রিকার সম্পাদক ও সাবেক প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মো. গোলাম রহমান। প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের তৃতীয় শ্রেণির কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

